অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/9/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 11টি কমিউনিটি ভিত্তিক পপ-আপ টিকাকরণের সাইট এই সপ্তাহে অনলাইনে আসছে 3,100 নিউ ইয়র্কবাসীদের প্রথম ডোজ প্রদান করার জন্য বলে ঘোষণা করেছেন

সাইটগুলি এই সপ্তাহে 3,100 এর বেশী লোককে টিকা দেবে এবং টিকা বিতরণ প্রক্রিয়ায় ন্যায্যতা এবং সমতা নিশ্চিত করতে রাজ্যের অঙ্গীকার জোরদার করবে

কমিউনিটি ভিত্তিক 'পপ আপ' টিকাকরণ সাইট প্রায় 30,000 নিউ ইয়র্কবাসী কে প্রথম ডোজ টিকা পেতে সক্ষম করেছে

টিকা শুধু অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে সম্ভব; সময়সূচী নির্ধারণ সরাসরি হোস্ট সাইট বা পার্টনার প্রোভাইডারের মাধ্যমে পরিচালিত হয় যারা সাম্প্রদায়িক নেতাদের এবং সংস্থাসমূহের সাথে কাজ করে প্রতিটি নির্দিষ্ট কমিউনিটিতে যোগ্য নিউ ইয়র্কবাসীদের চিহ্নিত করতে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ কমিউনিটি সেন্টার, পাবলিক হাউজিং কমপ্লেক্স এবং সাংস্কৃতিক কেন্দ্রে 11টি কমিউনিটি ভিত্তিক পপ-আপ টিকাকরণের সাইট অনলাইন আসার ঘোষণা করেছেন। আশা করা হচ্ছে এই সাইটগুলো সারা সপ্তাহ জুড়ে 3100 জনেরও বেশী মানুষকে টিকা দিতে পারে, এবং প্রতি সপ্তাহে আরো সাইট অনলাইনে আসছে। 15 জানুয়ারি থেকে কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটগুলো প্রায় 30000 নিউ ইয়র্কবাসীকে তাদের প্রথম COVID-19 টীকার ডোজ পেতে সক্ষম করেছে। আগের পপ-আপ সাইটগুলোতে যেমন দেখা গিয়েছে, এই সাইটগুলো দ্বিতীয় ডোজ প্রদানের জন্য তিন সপ্তাহের মধ্যে পুনরায় স্থাপন করা হবে।

ভবিস্যতে, যখন ফেডারাল টিকার সরবরাহ বাড়বে, নিউ ইয়র্ক এই সাইটগুলি প্রতিষ্ঠা করা অব্যাহত রাখবে 33টি নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA) আবাসন উন্নয়নের প্রতিটিতে, যেখানে 7600 এর বেশি গরিষ্ঠরা বাস করেন। এছাড়াও রাজ্যব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে পপ-আপ স্থান স্থাপন করা চলতে থাকবে এবং তার সাথে 300টিরও বেশি চার্চ এবং সাংস্কৃতিক কেন্দ্রে, যারা গভর্নর কুওমোর ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force)-এর মাধ্যমে এই সাইটগুলো পরিচালনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে।

"এই টিকা হচ্ছে সেই অস্ত্র যা COVID এর বিরুদ্ধে যুদ্ধে জয়লাভ করবে, তবে প্রকৃত অর্থে কার্যকর হতে হলে, আমাদের নিশ্চিত করতে হবে যে এটি ন্যায্য এবং ন্যায়সঙ্গতভাবে বিতরণ করা হবে,"

গভর্নর কুওমো বলেন। "দু:খজনক সত্য হচ্ছে যে COVID শুধু কৃষ্ণাঙ্গ সম্প্রদায়কে ধ্বংস করেছে শ্বেতাঙ্গদের তুলনায়, তাই নয়, কিন্তু এই টীকার প্রতি সন্দেহ রয়েই গেছে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ সমাজে। এই কারণে এই প্রচেষ্টা আমাদের সাফল্যের জন্য এত গুরুত্বপূর্ণ - এই সাইটগুলো স্থাপন করে এবং এই সম্প্রদায়ের বিশ্বস্ত নেতা এবং সংগঠনের সাথে সরাসরি অংশীদারিত্ব করে, আমরা একই সাথে এই টিকার প্রবেশাধিকার নিশ্চিত করতে পারি, এবং তার সাথে এর প্রতি আস্থাও বৃদ্ধি করতে পারি।"

এই টিকার সাইটগুলির অনেকগুলির প্রতিষ্ঠা সম্ভব হয়েছে এই টিকার কিট মোতায়েন করার ফলে এবং একাধিক সরকারি এবং বেসরকারি স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে অংশীদারিত্বের মাধ্যমে। সাক্ষাৎকার সরাসরি হোস্ট সাইট বা পার্টনার প্রোভাইডারের সাথে নির্ধারিত হয় যারা সম্প্রদায়ের সংস্থা এবং সম্প্রদায়ের নেতাদের সাথে কাজ করে সেই নির্দিষ্ট সম্প্রদায় থেকে নিউ ইয়র্কবাসীদের চিহ্নিত করতে যারা টিকা পাওয়ার যোগ্য। এই সপ্তাহে যে 11টি সাইট স্থাপন করা হয়েছে তা নিচের ঠিকানায় অবস্থিত:

Queens

কোরিয়ান কমিউনিটি সার্ভিসেস (Korean Community Services)
203-05 32nd Avenue
Bayside, NY
খোলা বৃহস্পতিবার, 11 ফেব্রুয়ারি এবং শুক্রবার, 12 ফেব্রুয়ারি; সকাল 9টা - বিকাল 5টা

NYCHA শেল্টন হাউজেজ (NYCHA Shelton Houses)
89-09 162nd Street
Jamaica, NY
শনিবার, 13 ফেব্রুয়ারি; সকাল 9 - বিকেল 5

শিখ সাংস্কৃতিক সমাজ (Sikh Cultural Society)
95-30 118th Street
South Richmond, NY
শুক্রবার, 12 ফেব্রুয়ারি; সকাল 9 - বিকেল 5

Manhattan

কনফুসিয়াস প্লাজা কমিউনিটি সেন্টার (Confucius Plaza Community Center)
33 Bowery Street
New York, NY
শনিবার, 13 ফেব্রুয়ারি; সকাল 9টা - বিকাল 5টা

হ্যামিলটন ম্যাডিসন হাউস/NYCHA স্মিথ হাউসেস (Hamilton Madison House/NYCHA Smith Houses)
50 Madison Street
New York, NY
রবিবার, ফেব্রুয়ারী 14, সকাল 9 - সন্ধ্যা 6

NYCHA মার্শাল প্লাজা (NYCHA Marshall Plaza)
1970 Amsterdam Avenue
New York, NY
রবিবার, 14 ফেব্রুয়ারি; সকাল 9 - বিকাল 3

NYCHA বারুচ হাউস/গ্র্যান্ড স্ট্রিট সেটেলমেন্ট
80 Pitt Street
New York, NY
শনিবার, 13 ফেব্রুয়ারি; সকাল 9 - দুপুর 2.30

লং আইল্যান্ড

জেরাল্ড রায়ান আউটরিচ সেন্টার (Gerald Ryan Outreach Center)
1434 Straight Path
Wyandanch, NY
শুক্রবার, 12 ফেব্রুয়ারি; সকাল 9 - দুপুর 2

Magnolia Center
700 Magnolia Blvd
Long Beach, NY
বৃহস্পতিবার, 11 ফেব্রুয়ারি; সকাল 10 - বিকাল 3

হাডসন ভ্যালি (Hudson Valley)

People's Place
17 St. James Street
Kingston, NY
শুক্রবার, ফেব্রুয়ারি 12 - সকাল 9 - বিকেল 5

MLK Community Center (MLK Community Center)
110 Bethune Blvd
Spring Valley, NY

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী 11 - সকাল 9 - বিকেল 5

এই কমিউনিটি-ভিত্তিক 'পপ আপ' টিকাদান সাইটের অব্যাহত উন্নয়ন COVID-19 টিকা বিতরণে নিরপেক্ষতা ও সমতা নিশ্চিত করতে গভর্নর কুওমোর লক্ষ্যকে অগ্রসর করে। 2020 সালের শেষের দিকে, সেক্রেটারি অব স্টেট রোজানা রোজাডো, অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, ন্যাশনাল আরবান লিগের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মোরিয়াল ও হেলথফার্স্টের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে নিউ ইয়র্ক ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (New York's Vaccine Equity Task Force) চালু হয়েছে বলে গভর্নর ঘোষণা করেছেন। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে ভ্যাকসিনের ন্যায়সঙ্গত বন্টন রয়েছে কিনা তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত সম্প্রদায়গুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ অব্যাহত রেখেছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন